

এক নজরে আই কেয়ার প্রোগ্রাম

সর্বমোট

জুলাই ২০১৪ - মার্চ ২০২৬



EYE CARE PROGRAM
Manabik Shahajya Sangstha
আই কেয়ার প্রোগ্রাম

ইন্সিডি বার্তা



বিনামূল্যে ছাদি অপারেশনের মাধ্যমে চোখের আলো ফিরে পেলেন হতদরিদ্র প্রহরী আমীর আলি

আমির আলী গজমহল ট্যানারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একজন নিরলস প্রহরী, যিনি বছরের পর বছর নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে শিশুদের নিরাপত্তা নিশ্চিত করে আসছেন। বিদ্যালয় প্রাঙ্গণ ও স্কুলের সকল শিশুর নিরাপত্তা নিশ্চিত করা ছিল তার প্রধান দায়িত্ব ও গর্বের বিষয়। কিন্তু হঠাৎ করে চোখের ছাদি তার জীবনে অন্ধকার নেমে আনে। ধীরে ধীরে তার দৃষ্টিশক্তি ক্ষীণ হয়ে যায় এবং

একসময় তিনি কাজ করার সক্ষমতা হারিয়ে ফেলেন। এতে তার জীবনে নেমে আসে নির্ভরশীলতা, হতাশা ও অসহায়তা। এমন সংকটময় সময়ে স্কুল সাইট টেস্টিং প্রোগ্রামের মাধ্যমে আই কেয়ার প্রোগ্রাম তার সমস্যার বিষয়ে অবগত হয় এবং প্রয়োজনীয় চিকিৎসা প্রদানের উদ্যোগ নেয়। পরবর্তীতে Manabik Shahajya Sangstha (MSS)-এর আই কেয়ার প্রোগ্রামের

সহায়তায় ECB Specialized Eye Hospital-এ তার বিনামূল্যে সফল ছাদি অপারেশন সম্পন্ন হয়। এই চিকিৎসা শুধু তার দৃষ্টিশক্তিই ফিরিয়ে দেয়নি, ফিরিয়ে দিয়েছে তার আত্মবিশ্বাস, স্বাধীনতা এবং নতুন করে বেঁচে থাকার আশা। আজ আমির আলী আবার নিজ পায়ে দাঁড়িয়ে স্বাভাবিক জীবনে ফিরেছেন এবং নিজের মতো করে পৃথিবীকে দেখতে পারছেন।

আই কেয়ার প্রোগ্রামের সহায়তায় পঞ্চগড়ের দমিনা ফিরে পেলেন নতুন জীবন

পঞ্চগড়ের হাড়িভাসায় অনুষ্ঠিত আই কেয়ার প্রোগ্রামের পাবলিক আই ক্যাম্পে ৬৫ বছর বয়সী দমিনাকে শনাক্ত করা হয়, যিনি গুরুতর দৃষ্টিহীনতায় ভুগছিলেন। তার অবস্থার গুরুত্ব বিবেচনা করে তাকে জরুরি চিকিৎসার জন্য রেফার করা হয় এবং সেদিনই আই কেয়ার প্রোগ্রাম-এমএসএস এর উদ্যোগে ঠাকুরগাঁওয়ের সফিউদ্দিন আহমেদ ফাউন্ডেশন হাসপাতালে ভর্তি করা হয় এবং খুব দ্রুত সময়ে হাসপাতালের নিবিড়

তত্ত্বাবধানে তার 'স্মল ইনসিশন ক্যাটারাক্ট সার্জারি' (SICS) সফলভাবে সম্পন্ন করা হয়। অপারেশনের পর তার অবস্থা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হয় এবং কোনো জটিলতা দেখা দেয়নি। পর্যবেক্ষণের পর ১২ অক্টোবর ২০২৫ তারিখে প্রয়োজনীয় গুণ্ধ ও পরবর্তী নির্দেশনাসহ তাকে ছাড়পত্র দেওয়া হয়। বর্তমানে দমিনা সুস্থ, স্বাচ্ছন্দ্যপূর্ণ ও স্বাধীন জীবনযাপন করছেন এবং নিজেই ঘরের সকল কাজ করছেন।



অন্ধকারকে হার মানিয়ে নতুন জীবনের পথে হাজার খাতুন

নীলফামারীর প্রত্যন্ত গ্রামের হাজার খাতুন যিনি গৃহকর্মী হিসেবে অনেক বছর কঠোর পরিশ্রম করে নিজের সংসার চালাতেন কিন্তু সম্প্রতি চোখের ছাদি তার জীবনে অন্ধকার নেমে আনে, যার ফলে তার পক্ষে কাজ চালিয়ে যাওয়া অসম্ভব হয়ে পড়ে। আর্থিক অভাবের কারণে প্রয়োজনীয় চিকিৎসা করতে না পেরে তিনি অসহায় হয়ে পড়েছিলেন। এমন কঠিন সময়ে এমএসএস এর আই কেয়ার প্রোগ্রামের জোড়াবাড়ী দিমুখী দাখিল মাদ্রাসায়

অনুষ্ঠিত আই ক্যাম্পের মাধ্যমে তার চোখে ছাদি সনাক্ত করা হয় এবং ক্যাম্প শেষে আই কেয়ার প্রোগ্রামের উদ্যোগে ও রংপুর চক্ষু হাসপাতালের সহযোগিতায় বিনামূল্যে অপারেশন হওয়ার পর তিনি তার চোখের আলো ফিরে পেয়েছেন। বর্তমানে হাজার খাতুন তার সংসারের কাজ করতে পারেন ও স্বাচ্ছন্দ্যে জীবিকা নির্বাহ করছেন।



MSS
Working for the People

প্রকাশনায়: মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিট - মানবিক সাহায্য সংস্থা
মোবাইল: ০১৭৩০০২৪০৩০ ইমেইল: eyecareprogram.mss@gmail.com

Eye Care Program-MSS

www.mssbd.org/our-program/eye-care-program

Eye Care Program MSS